গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পাইকগাছা, খুলনা
www.paikgasa.khulna.gov.bd

# অক্টোবর ২০২৩ মাসের উপজেলা আইসিটি বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মুহাম্মদ আল-আমিন<br>উপজেলা নির্বাহী অফিসার<br>পাইকগাছা, খুলনা। |
| তারিখ | : | ১৯ অক্টোবর ২০২৩ খ্রি. |
| স্থান | : | উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ |
| উপস্থিতি | : | পৃথক রেজিস্টারে সংরক্ষিত। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। আলোচ্য সূচী অনুযায়ী সভাপতি পূর্ববর্তী সভার কার্যবিবরণী ও সিদ্ধান্তের অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। অত:পর এজেন্ডা ভিত্তিক নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

১. শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও ইউডিসি পরিদর্শন/দর্শন সংক্রান্ত

| ক্রম | পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের নাম | ইউ এন ও কর্তৃক পরিদর্শন | ইউ এন ও কর্তৃক দর্শন | সহকারী প্রোগ্রামার কর্তৃক পরিদর্শন |
|---|---|---|---|---|
| ০১ | শেখ রাসেল ডিজিটাল ল্যাব | - | ০১ | ০৪ |
| ০২ | ইউডিসি | - | ০১ | - |

২. ইউডিসির আয় ও সেবার তথ্য:

| ক্রম | উপজেলার নাম | মাসের নাম | আয়ের তথ্য | সেবার তথ্য |
|---|---|---|---|---|
| ০১ | পাইকগাছা | সেপ্টেম্বর-২০২৩ | ৮০৪০৫ | ১৩১১ |

৩. সভার আলোচনা ও সিদ্ধান্ত

| ক্রম | বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | বিভাগীয় দপ্তরের ওয়েব পোর্টালের উন্নয়ন। | (ক) উপজেলার স্ব স্ব বিভাগীয় ওয়েব পোর্টালের সকল তথ্য নতুন ফ্রেমওয়ার্কে হালনাগাদ করতে হবে। বাংলার পাশাপাশি সকল তথ্য ইংরেজিতে হালনাগাদ করতে হবে।<br>(খ) বিভিন্ন বিভাগীয় দপ্তরের পোর্টাল পর্যালোচনা করে দেখে যায় যে, নোটিশ, খবর, কর্মকর্তা, কর্মচারী, সিটিজেন চার্টার, যোগাযোগ, তথ্য প্রদানকারী কর্মকর্তা, অনিক ও আপিল কর্মকর্তা নিয়মিত হালনাগাদ করেন না। ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ করতে হবে। | সকল বিভাগীয় অফিসার। |
| ০২ | ইউনিয়ন ওয়েব পোর্টালসমূহের উন্নয়ন। | (ক) ইউনিয়ন ওয়েব পোর্টালের সকল তথ্য নতুন ফ্রেমওয়ার্কে বাংলা এবং ইংরেজী ভাষায় হালনাগাদ করতে হবে। কিছু কিছু ইউনিয়নে জনপ্রতিনিধিদের তালিকাসহ অন্যান্য তথ্যাদি হালনাগাদ নাই, দ্রুত হালনাগাদ করার জন্য অনুরোধ করা হল। বিভিন্ন ইউনিয়ন পোর্টাল পর্যালোচনা করে দেখে যায় যে, নোটিশ ও খবর নিয়মিত আপলোড করেন না। নোটিশ ও খবর নিয়মিত আপলোড করতে হবে। | (ক) ইউপি সচিব (সকল)।<br>(খ) হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর<br>(গ) ইউডিসি উদ্যোক্তা (সকল)। |
| ০৩ | ইউনিয়ন ডিজিটাল সেন্টার (ইউডিসি) সংক্রান্ত | (ক) ইউডিসি উদ্যোক্তাগণ তাদের আয় ও সেবার তথ্য রেজিস্টারে প্রতিদিন লিখবেন ও একসেবা মনিটরিং টুলে নিয়মিত আপলোড করবেন এবং প্রতিমাসের ০৩ তারিখের মধ্যে প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ নিশ্চিত করবেন। | (ক) চেয়ারম্যান (সকল)<br>(খ) ইউপি সচিব (সকল)। |

| | | | |
|---|---|---|---|
| | | (খ) কোন ইউনিয়নে পুরুষ ও মহিলা উদ্যোক্তা না থাকলে আগামী ১০ কর্মদিবসের মধ্যে নিয়ম অনুযায়ী নিয়োগ প্রদান করতে হবে। | (গ)ইউডিসি উদ্যোক্তা (সকল)। |
| ০৪ | শিক্ষা প্রতিষ্ঠানের শেখ রাসেল ডিলিটাল ল্যাব অধিকতর সক্রিয়করণ। | (ক) আইসিটি অধিদপ্তর কর্তৃক পাইকগাছা উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে। এই ল্যাবগুলির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে হবে। ল্যাবগুলিতে ব্যাচ করে প্রশিক্ষণ প্রদান করতে হবে। প্রশিক্ষণ প্রদানের প্রতিবেদন প্রতিমাসে প্রেরণ নিশ্চিত করতে হবে। প্রতিটি শেখ রাসেল ডিজিটাল ল্যাবের (স্টক, মাল্টিমিডিয়া ক্লাসরুম, ছাত্র/ছাত্রী ব্যবহারকারী ও শিক্ষকবৃন্দদের ল্যাব ব্যবহার) রেজিষ্টার হালনাগাদ রাখতে হবে। প্রতি পনের দিন পর পর ল্যাব ব্যবহারকারীর তথ্য (ছাত্র-ছাত্রী, শিক্ষক, দিনে কত ঘন্টা ল্যাব ব্যবহার) উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করতে হবে।<br>(খ) ল্যাবের কোন কম্পিউটার বা যন্ত্রাংশ নষ্ট/অচল হলে ল্যাব নীতিমালা ২০১২ অনুসারে, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান নষ্ট/অচল কম্পিউটার বা যন্ত্রাংশ মেরামত/ক্রয় নিশ্চিত করবেন। | (ক) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার।<br>(খ) অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার (সংশ্লিষ্ট সকল) শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত প্রতিষ্ঠান। |
| ০৫ | মাল্টিমিডিয়া ক্লাসরুম সংক্রান্ত | পাইকগাছা উপজেলায় ৪৬ টি প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুম রয়েছে। প্রতিটি স্কুল/কলেজে মাল্টিমিডিয়া ক্লাস নেওয়ার ব্যবস্থা করতে হবে। মাল্টিমিডিয়া ক্লাস সংক্রান্ত তথ্য অনলাইনে আপলোড নিশ্চিত করার জন্য মাধ্যমিক শিক্ষা অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | (ক) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার।<br>(খ) অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার (সংশ্লিষ্ট সকল) |
| ০৬ | ই-নথি/ডি-নথি বাস্তবায়ন সংক্রান্ত | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ই-নথি কার্যক্রম চলমান আছে। এছাড়া অন্যান্য যে সকল দপ্তরে ই-নথি লাইভে আছে সে সকল দপ্তরে নথি কার্যক্রম বেগবান করতে হবে। | (ক) উপজেলা নির্বাহী অফিসার।<br>(খ) সহকারী প্রোগ্রামার।<br>(গ) সংশ্লিষ্ট অফিস প্রধান। |
| ০৭ | ইনফো সরকার ফেজ-৩ সংক্রান্ত | পাইকগাছা উপজেলাধীন দশটি ইউনিয়নের মধ্যে নয়টি ইউনিয়নে ইনফো সরকার ফেজ-৩ বাস্তবায়ন করা হয়েছে। এবং ১ টিতে কাজ কানেক্টেড বাংলাদেশ প্রকল্পের মাধ্যমে বাস্তবায়ন হচ্ছে। | ইনফো সরকার ফেজ-৩ এর বাস্তবায়ন কর্তৃপক্ষ |
| ০৮ | ইনফো সরকার ফেজ-২ সংক্রান্ত | ইনফো সরকার ফেজ-২ প্রকল্পের মাধ্যমে উপজেলার যে সকল অফিসে ইন্টারনেট ক্যানেকটিভিটি রয়েছে তাদেরকে ইন্টারনেট সংক্রান্ত সমস্যা হলে সার্পোট ইঞ্জিনিয়ার, বিসিসি খুলনার প্রতিনিধি জনাব সারোয়ার, মোবাইল নং০১৬৭০৯৬৭০৭৪ এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। | সার্পোট ইঞ্জিনিয়ার বিসিসি খুলনা |
| ০৯ | সরকারী ই-মেইল ব্যবহার সংক্রান্ত | ই-মেইল এর ব্যবহার নিশ্চিত করণের বিষয়ে সবসময় দৃষ্টি রাখার জন্য সকল অফিসারগণকে অনুরোধ জানানো হয়েছে এবং সকল বিভাগ/সংস্থার তথ্য আদান প্রদানে সরকারি ই-মেইলের মাধ্যমে যোগাযোগ বাস্তাবায়ন করার জন্য অনুরোধ করা হয়। | (ক)সকল বিভাগীয় অফিসার। |
| ১০ | সকল প্রকার টেন্ডার নোটিশ উপজেলা তথ্য বাতায়নে হালনাগাদের নিমিত্ত প্রেরণ সংক্রান্ত | সকল প্রকার টেন্ডার নোটিশ নিজ পোর্টালে আপলোড করতে হবে এবং উপজেলা তথ্য বাতায়নে প্রকাশের নিমিত্ত এক কপি প্রেরণসহ পিডিএফ কপি unopaikgacha@mopa.gov.bd মেইলযোগে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়। | (ক)সকল বিভাগীয় অফিসার।<br>(খ) সহকারী প্রোগ্রামার আইসিটি অধিদপ্তর। |

| | | | |
|---|---|---|---|
| ১১ | বিভাগীয় দপ্তর ও ইউনিয়ন ওয়েব পোর্টালের পাসওয়ার্ড সংক্রান্ত | বিভাগীয় দপ্তর ও ইউনিয়ন ওয়েব পোর্টালের প্রোফাইল আপডেট করতে হবে এবং পাসওয়ার্ড জরুরিভিত্তিতে পরিবর্তন/রিসেট করতে হবে। Upper case, lower case, sign, symbol সমন্বয়ে পাসওয়ার্ড রিসেট করতে হবে। সকল ইউজার কে লগিন করে প্রোফাইল হতে **Two-step authentication** অন করতে হবে। | (ক)সকল বিভাগীয় অফিসার। (খ) ইউপি সচিব (সকল), পাইকগাছা, খুলনা। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

৩০.১০.২৩

মুহাম্মদ আল-আমিন
উপজেলা নির্বাহী অফিসার
পাইকগাছা, খুলনা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পাইকগাছা, খুলনা।
http://paikgasa.khulna.gov.bd

স্মারক নং- ০৫.৪৪.৪৭৬৪.০০০.৭৫.০০১.২৩-৯৫৫ তারিখঃ ৩০.১০.২০২৩ খ্রি.

বিতরণঃ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে-

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১০৪, খুলনা-০৬।
২। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।
৩। জেলা প্রশাসক, খুলনা।
৪। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা।
৫। চেয়ারম্যান, পাইকগাছা উপজেলা পরিষদ।
৬। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, খুলনা।
৭। উপজেলা ........................ কর্মকর্তা, পাইকগাছা, খুলনা।
৮। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার........................................পাইকগাছা, খুলনা।
৯। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল), পাইকগাছা, খুলনা।
১০। উদ্যোক্তা (সকল), ইউনিয়ন ডিজিটাল সেন্টার, পাইকগাছা, খুলনা।

৩০.১০.২৩

উপজেলা নির্বাহী অফিসার
পাইকগাছা, খুলনা।
ফোন-০২৭৪৭৭৭৩১৬০৬